আজকের কাগজ

তারিখ 02 NOV 1992
পৃষ্ঠা ৮ কলাম ৩

52

নগরীতে বিক্ষোভ সমাবেশ ভাঙচুর অব্যাহত

# স্কুল ছাত্ররা ৫ নভেম্বর দেশব্যাপী ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে

**কাগজ প্রতিবেদক :** এসএসসি পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের সিদ্ধান্তকে কেন্দ্র করে গতকালও রাজধানীতে ছাত্ররা মিছিল ও ভাঙচুর করেছে। পুলিশ এ সময় ৩৮ জন ছাত্রকে গ্রেফতার করে। প্রতিবাদকারী ছাত্ররা মিছিল বের করে রাস্তায় বসে পড়ে এবং বিভিন্ন স্থানে ভাঙচুর করে। তোপখানা রোডে, পুরানাপল্টন, জিগাতলা, সাইন্স ল্যাবরেটরী, মগবাজার ও মিরপুর এলাকায় ছাত্ররা মিছিল বের করে।

এদিকে বাংলাদেশ স্কুল ছাত্র সমিতি পরীক্ষা পদ্ধতি পরিবর্তন ও গ্রেফতারকৃত স্কুল ছাত্রদের মুক্তির দাবিতে জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ করে এবং ৩ দফা কর্মসূচি ঘোষণা করেছে। আগামী ৫ নভেম্বর সারা দেশে স্কুল ছাত্ররা ধর্মঘট পালন করবে। এছাড়াও কোনো ছাত্র টেস্ট পরীক্ষায় অংশ না নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করে। দাবি আদায় না হওয়া পর্যন্ত প্রতিদিন শহরে বিক্ষোভ মিছিল করবে।

এদিকে বাংলাদেশ ছাত্রমৈত্রী সভাপতি রাগিব আহসান মুন্না ও সাধারণ সম্পাদক মাহামুদ হাসান বুলু এক বিবৃতিতে পরীক্ষার পূর্বে তড়িঘড়ি করে পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের সমালোচনা করেছেন।

ব্রাহ্মণবাড়িয়া থেকে সংবাদদাতা জানিয়েছেন এসএসসি পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের প্রতিবাদে গতকাল ব্রাহ্মণবাড়িয়ায় স্কুল ছাত্ররা ক্লাস বর্জন করে শহরে বিক্ষোভ সমাবেশ করে।